

নিবিড় নিশীথে

পঁহুঁছিলুম এই বনে গতগানি বিহঙ্গসঙ্গীতে

বসিনু সুরভিন্মিষ্ণু শিহরিত মাধবীর তলে.....

শেষশয্যা হ'ল মোর তারি স্নান ঝ'রে-পড়া দলে ।

অনাগত ভবিষ্যের বক্ষে আমি যুগে যুগে প্রতীক্ষায় ছিলাম জাগিয়া

হায় বন্ধু, তোমারি লাগিয়া !

চিরস্থির অতীতের মসীকালো অতল সায়রে

এখনি মিলা'তে হ'ল । হিয়া মোর গুমরিয়া মরে !

নবীনের সাথে তুমি হয়তো রহিবে অন্তর্মনা—

আমার কোথায় শান্তি ? বল, বন্ধু, কোথায় শাস্ত্রনা ?

মিটিল না অন্তরের সাধ ;

একবার বল' শুধু ;—ক্ষমিয়াছ মোর অপরাধ ?

“বর্ষ-বিদায়”

কত স্মৃতি কত আশা

কত ব্যথা ভালোবাসা

বক্ষে ধরি' বর্ষ এক মাগিছে বিদায়,

আজি তার শেষ এ সন্ধ্যায় ।

পশ্চিম আকাশে

অক্ষুট আভাসে

বর্ষান্তের শেষ রবি-রেখা

একে দিছে বিদায়ের লেখা ।

ফেরা-পথে পাখী
 ডাকি' থাকি' থাকি'
 'গাহিতেছে বরষের বিদায়ের গান
 ম্লান সুরে কাঁদায়ে বিতান ।

আকাশে বাডাসে
 বিচিত্র প্রকাশে
 বিদায়ের সুর উঠিছে বাজি',
 হয়েছে পূর্ণ বিদায়ের সুরে প্রাণের সাজি ।

কাননে কাননে
 তরুলতাগণে
 মাগিছে বিদায় দোলায়ে শাখা,
 শিশির কণায় ঝরিছে তাদের অশ্রু-লেখা ।

' জড়িয়ে তোমার সাথে
 কত স্মৃতি কত মতে
 ও গো বর্ষ, মনে পড়ে আজি তব বিদায় বেলায়
 কত ক্ষত রেখে গেলে নিষ্ঠুর খেলায়

হৃদয়ে আমার
 তবু তুমি লহ মমস্কার
 মম-হৃদয়ের, দাড়াইয়া জীবনের শেষের সঙ্কায়
 সর্কলেরে জানাইয়া শেষের বিদায় ।

শ্রীভবানী শঙ্কর চৌধুরী ।